



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যনির্বাহী পরিষদ নির্বাচন ২০২৩-এ
অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম সভাপতি ও অধ্যাপক ড. আবুল কালাম মোঃ
লুৎফর রহমান সাধারণ সম্পাদক



২১ ডিসেম্বর ২০২২- বুধবার সকাল ৯টা থেকে দুপুর ২.৩০টা পর্যন্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন ২০২৩ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। শিক্ষক সমিতির কার্যনির্বাহী পরিষদ নির্বাচন ২০২৩-এ ২৯৩ ভোট পেয়ে অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম সভাপতি এবং এবং ৩৩৪ ভোট পেয়ে রসায়ন বিভাগের অধ্যাপক ড. আবুল কালাম মোঃ লুৎফর রহমান সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন।

২৭৬ ভোট পেয়ে সহ-সভাপতি পদে গণিত বিভাগের অধ্যাপক ড. মোঃ সরোয়ার আলম, ২৮৩ ভোট পেয়ে কোষাধ্যক্ষ পদে ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ মিরাজ হোসেন এবং ২৯৩ ভোট পেয়ে যুগ্ম সাধারণ সম্পাদক পদে উদ্ভিদবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. এ. এম. এম. গোলাম আদম নির্বাচিত হয়েছেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



এছাড়াও সদস্য পদে ৩৩৪ ভোট পেয়ে সমাজকর্ম বিভাগের অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন, ৩২৮ ভোট পেয়ে পরিসংখ্যান বিভাগের অধ্যাপক ড. মোঃ ছিদ্দিকুর রহমান, ২৭৪ ভোট পেয়ে রসায়ন বিভাগের অধ্যাপক ড. মোঃ সৈয়দ আলম, ২৬৮ ভোট পেয়ে ফিন্যান্স বিভাগের সহকারী অধ্যাপক আয়েশা আক্তার, ২৬৫ ভোট পেয়ে বায়োক্যামিস্ট্রি এন্ড মলিক্যুলার বায়োলজি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ রফিকুল ইসলাম, ২৫৭ ভোট পেয়ে দর্শন বিভাগের সহকারী অধ্যাপক নুসরাত জাহান পান্না, ২৫৫ ভোট পেয়ে অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক দীপিকা মজুমদার, ২৫৫ ভোট পেয়ে সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ রফিকুল ইসলাম, ২৫৩ ভোট পেয়ে ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ নুরুল আমিন এবং ২৫২ ভোট পেয়ে ভূগোল ও পরিবেশ বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ আব্দুল মালেক নির্বাচিত হয়েছেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন ২০২৩-এর প্রধান নির্বাচন কমিশনার ও প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ড. মোঃ আবদুল আলীম ফলাফল ঘোষণা করেন। নির্বাচনে কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোঃ কুতুব উদ্দিন, সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সাবিনা শরমীন, নৃবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক কাজী মিজানুর রহমান এবং ইতিহাস বিভাগের সহকারী অধ্যাপক মোঃ হাসান মফিজুর রহমান।

নির্বাচনে ৬৭৫ জন ভোটারের মধ্যে ৫০৫ জন শিক্ষক তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভারপ্রাপ্ত) এবং ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ নির্বাচন চলাকালীন সময় কেন্দ্র পরিদর্শন করেন।

নির্বাচিত প্রতিনিধিগণ উপাচার্য (ভারপ্রাপ্ত) ও ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ-এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় উপাচার্য (ভারপ্রাপ্ত) মহোদয় তাদেরকে মুক্তিযুদ্ধের চেতনা ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আদর্শকে সমন্বিত রেখে জগন্নাথ বিশ্ববিদ্যালয়কে একটি আধুনিক এবং আন্তর্জাতিক মানের বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে তোলার জন্য সবাইকে একসাথে কাজ করার আহবান জানান।